# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## মনোবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ২ | ৩ |

সময়-২ ঘন্টা ৩৫ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান: ৫০

*[দ্রষ্টব্য: ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং ৭ ও ৮ নং প্রশ্ন বাধ্যতামূলক। 'ক' ও 'খ' গুচ্ছের প্রতিটি থেকে কমপক্ষে একটি প্রশ্নসহ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। সর্বমোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেকটি প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ মানুষ সামাজিক জীব। সমাজ মানুষের ওপর প্রভাব বিস্তার করে থাকে। করিম নিজের ক্ষমতা ও দক্ষতাসমূহকে কাজে লাগাতে চায়, সে জীবন সম্পর্কে ধারণা অর্জন করতে পারে। দাম্পত্য জীবনের কলহ ও দ্বন্দ্ব, ব্যক্তিগত ও পারিবারিক জীবনের সমস্যা, চাকরিগত সমস্যা প্রভৃতি তাকে কুঁড়ে কুঁড়ে খায়। যখন সে এসব সমস্যা মোকাবিলা করতে পারে না, তখন একজন পেশাজীবী কর্মী তার প্রশিক্ষণ ও অভিজ্ঞতার ভিত্তিতে বিভিন্ন সমস্যার সমাধানে তাকে সাহায্য করে।

ক. মনোবিজ্ঞানের সংজ্ঞা দাও। ১

খ. জৈব সামাজিক প্রক্রিয়া কী? ২

গ. করিম তার নিজের দক্ষতা, ক্ষমতা ও স্বাধীনতা সম্পর্কে সচেতন। তার এ আত্মোপলব্ধি মনোবিজ্ঞানের কোন দৃষ্টিভঙ্গি দিয়ে ব্যাখ্যা করা যায়? ৩

ঘ. করিমের সমস্যাগুলো মনোবিজ্ঞানের যে শাখায় ব্যাখ্যা করা হয়েছে তা আলোচনা কর। ৪

**২.** ▶ মন্টু ও সেন্টু অভিন্ন জমজ সন্তান। কোনো এক দরিদ্র পরিবারে তাদের বাস। প্রফেসর মন্টুকে দত্তক হিসেবে নিয়ে আসেন তাদের পরিবারে। ছেলে হিসেবে তারা তাকে আদরযত্ন দিয়ে লালন পালন করেন। মন্টু পরবর্তীতে একটি ভালো চাকরি পেল। ঐ সময় মন্টু ও সেন্টু বুদ্ধ্যঙ্ক (IQ) প্রায় একইরকম পাওয়া গেল।

ক. বংশগতি কী? ১

খ. লিঙ্গ নির্ধারণ কীভাবে হয়? ২

Teachingbd24.com

https://teachingbd24.com

গ. সেন্টুর জীবনে পরিবেশের প্রভাব ব্যাখ্যা কর। ৩

ঘ. মন্টু ও সেন্টুর ব্যাপারে বংশগতি ও পরিবেশের যে প্রভাব ফেলেছে তা ব্যাখ্যা কর। ৪

৩.▶ পটল ও লাল্টু গল্প করছিল। পটল লাল্টুকে বলল, আনিস, আমরা কিভাবে দেখি, শুনি, অনুভব করি? লাল্টু বলল, আমাদের চোখ আছে তাই দেখি, কান আছে তাই শুনি এবং হৃদয় আছে তাই অনুভব করি। পটল লাল্টুর কথায় সায় দিয়ে বলল, তুই যে কথাটি বলেছিস ঠিক আছে। এর পিছনে আরও কারণ আছে। মস্তিস্কে কতগুলো স্নায়ুকেন্দ্র আছে। ঐ কেন্দ্রগুলোই দর্শন, শ্রবণ ও অনুভবের জন্য দায়ী। লাল্টু বলল, হ্যাঁ তুই ঠিকই বলেছিস, স্যার সেদিন ক্লাসে ঐ কথা বলেছিলেন।

ক. স্নায়ুতন্ত্র কী? ১

খ. মেরুরজ্জু বলতে কী বোঝায়? ২

গ. পটলের চিন্তানুযায়ী দর্শন, শ্রবণ ও অনুভবের জন্য দায়ী যে অংশ তার গঠন প্রক্রিয়া বর্ণনা কর। ৩

ঘ. পটল ও লাল্টুর বর্ণনা অনুযায়ী গুরুমস্তিস্কের কার্যাবলি ব্যাখ্যা কর। ৪

৪.▶ পাখিকে আকাশে উড়তে দেখে মানুষের সাধ জাগল সুদূর আকাশের নীলিমায় ডানা মেলে উড়তে। তার অদম্য আকাঙ্ক্ষা তাকে তাড়িত করে নিয়ে চলল আকাশে উড়বার পথের সন্ধানে। বহু বছরের অক্লান্ত সাধনার পর আবিষ্কার হলো উড়োজাহাজ। মানুষের উড়বার সাধ পূরণ হলো। এরপর মানুষ খ্যাতি, যশ, সুনাম, অর্থ লাভের বাসনায় নিজেকে নিয়োজিত করল।

ক. প্রেষণা চক্র কী? ১

খ. প্রেষণার সংজ্ঞা দাও। ২

গ. মানুষের উড়বার সাধ উড়োজাহাজ আবিষ্কারের ফলে পূরণ হলো। এ সাধ পূরণের ফলে কোন ধরনের প্রেষণা জড়িত ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. নিরাপত্তা ও স্বীকৃতির চাহিদা কিভাবে সামাজিক প্রেষণাকে প্রভাবিত করে? ৪

https://teachingbd24.com

৫.▶ পৃথিবীর রূপ, রস, গন্ধকে আমরা জন্মের পরই উপভোগ করতে শিখি না। জন্মের পর থেকে শিশুকে অনেক কিছু শিখতে হয়। বয়ঃবৃদ্ধির সাথে সাথে বড়দের অনুকরণের মাধ্যমে শিশুর আচরণে দেখা দেয় অনেক পরিবর্তন। তাকে সমাজের একজন সভ্য ও সুশিক্ষিত নাগরিক হিসেবে গড়ে উঠতে হয়। এমনিভাবে সভ্য, সুশিক্ষিত ও পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে ওঠার জন্য তাকে অসংখ্য আচরণ শিক্ষা করতে হয়। এরূপ আচরন পরিবর্তনের ভেতর দিয়েই সুচিত হয় শিক্ষণ।

ক. শিক্ষণের সংজ্ঞা দাও। ১

খ. শিক্ষণ ও কর্মসম্পাদন কীভাবে সম্পর্কযুক্ত? ২

গ. আধুনিক সমাজে একজন সুশিক্ষিত সভ্য নাগরিক হওয়ার জন্য কোন ধরনের শিক্ষণ প্রয়োজন বলে তুমি মনে কর? ৩

ঘ. তোমার মতে, অনুকরণের মাধ্যমে শিশুর আচরণ কীভাবে প্রভাবিত হয় তা ব্যাখ্যা কর। ৪

৬.▶ রাস্তায় চলার সময় হঠাৎ করে পায়ে একটি তীক্ষ্ম (চোখা) বস্তু ফুটল। পায়ের ত্বকে ফুটার সাথে সাথে এ এলাকার অন্তর্মুখী স্নায়ুগুলো সক্রিয় হয়ে ওঠে এবং এ তথ্য মস্তিষ্কে পৌঁছে দেয়। এ সংবাদ মস্তিষ্কে পৌঁছার পরই তীব্র ব্যথা অনুভূত হয়। আর যখন বোঝা গেল, একটি লোহার পেরেক পায়ে ফুটেছে এবং ব্যথা অনুভূত হয়েছে, তখন তাকে প্রত্যক্ষণ বলে।

ক. সংবেদনের সংজ্ঞা দাও। ১

খ. সংবেদন ও প্রত্যক্ষণের পার্থক্য লিখ। ২

গ. লোহার পেরেক পায়ের তলায় ফুটার কারণে তীব্র ব্যথা হয়েছে। তাকে প্রত্যক্ষণ বলার কারণ কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. চোখা বস্তু পায়ের তলায় ফুটার সাথে সাথে অন্তর্মুখী স্নায়ু তথা মস্তিষ্কে পৌঁছে দেয়। এ তীব্র ব্যথার অনুভূতির নাম কি এবং এর বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৪

৭.▶ নীলিমা অষ্টম শ্রেণিতে পড়ে। পড়াশুনায় খুবই ভালো। ক্লাসের সবাই নীলিমাকে খুব ভালোবাসে। পড়াশুনার পাশাপাশি সে খেলাধুলা করে।

https://teachingbd24.com

প্রতিবারই সে পুরস্কার পায়। অষ্টম শ্রেণিতে ওঠার পরপরই সে যেন কেমন হয়ে যায়। খেলাধুলার প্রতি তার মনোযোগ কম। পড়াশুনাও তার তেমন ভালো লাগে না। মা বাবা তাকে পড়াশুনা করতে বলে। মাঝে মাঝে সে তাদের প্রতি খুব রেগে যায়। সমাজের লোক নীলিমার প্রতি ভালোভাবে তাকায় না। সেও তাদের দৃষ্টিভঙ্গিকে গ্রাহ্য করে না। এ সময় নীলিমার অসহায় বোধ হয়।

ক. নীলিমা জীবন পরিসরের কোন পর্যায়ে পড়েছে? ১

খ. বয়োঃসন্ধিকালের বয়সসীমা কত? ২

গ. এ বয়সে নীলিমার কী কী শারীরিক পরিবর্তন ঘটেছে? ৩

ঘ. এ সময় নীলিমার মনোভাব ও আচরণে বিঘ্ন সৃষ্টিকারী উপাদান কীভাবে কাজ করে বলে তুমি মনে কর। ৪

৮. ▶ নিচের ছকটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| শ্রেণি | পৌনঃপুন্য |
|---|---|
| ১০৮ — ১১০ | ১ |
| ১০৫ — ১০৭ | ৩ |
| ১০২ — ১০৪ | ৪ |
| ৯৯ — ১০১ | ৯ |
| ৯৬ — ৯৮ | ৫ |
| ৯৩ — ৯৫ | ২ |
| ৯০ — ৯২ | ১ |
| যোগফল | N = ২৫ |

ক. উপাত্ত কি? ১

খ. পরিসংখ্যান কি? ২

গ. পুনঃপুনের বন্টন বলতে কি বুঝায়? ৩

ঘ. নিম্নের ছক থেকে গড় নির্ণয় কর। ৪

https://teachingbd24.com

# মনোবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৩ |

সময়-২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান: ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. **প্রেষণার পরিমাণ বৃদ্ধি করা হলে প্রাণীর কি বৃদ্ধি পাবে?**
ক আবেগ　খ পরিশ্রম
গ সংবেদন　ঘ চাহিদা

**উদ্দীপকটি পড়ো এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও।**

দৃশ্যকল্প-১ : ১৪ বছর বয়সে তাহেরার বিয়ে হয়। বিয়ের ১ বছর পর সে এক অসুস্থ শিশুর জন্ম দেয়।

দৃশ্যকল্প-২ : পূজা দ্বাদশ শ্রেণির ছাত্রী। সে প্রতিদিন হেঁটে কলেজে যায়। কলেজ যাবার পথে কিছু বখাটে ছেলে বিভিন্ন ধরণের অশালীন উক্তি করে।

২. **তাহেরার অসুস্থ শিশু জন্ম দেয়ার পিছনে কোন বিষয়টি কাজ করছে?**
ক মায়ের বয়স
খ মায়ের আবেগ
গ মায়ের অসুস্থতা
ঘ মায়ের পুষ্টি

৩. **বখাটেদের অপরাধ প্রতিকারের জন্য দরকার—**
i. নারীকে ঘরমুখো করা
ii. মূল্যবোধের চর্চা করা
iii. ঘটনাটা গোপন না করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৪. **হরমোন নিঃসরণের ওপর নির্ভরশীল প্রেষণা—**
i. সামাজিক স্বীকৃতি
ii. যৌন প্রেষণা
iii. মাতৃত্ব প্রেষণা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৫. **আবেগ প্রাণীর কিসের ওপর প্রভাব বিস্তার করে?**
ক অভিজ্ঞতা　খ চিন্তাভাবনা
গ মস্তিষ্ক　ঘ আচরণ

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**

দুপুরে আলম সাহেব অফিসে থাকাকালীন জানতে পারেন তার বাবা খুবই অসুস্থ। একথা জেনে ক্ষুধার্ত আলম সাহেবের হৃদস্পন্দন ও রক্তচাপের পরিবর্তন ঘটে।

৬. **আলম সাহেবের ঘটনা নিচের কোনটিকে নির্দেশ করে-**
ক আবেগ　খ মনোভাব
গ সংবেদন　ঘ প্রত্যক্ষণ

৭. **আলম সাহেবের প্রেষণাটির শারীরিবৃত্তীর কারণ হলো—**
i. পাকস্থলীর ভূমিকা
ii. যকৃতের ভূমিকা
iii. মস্তিষ্কের ভূমিকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৮. **চিকিৎসা মনোবিজ্ঞানীরা প্রথম কী করেন?**
ক রোগীর কথা শোনেন
খ রোগীর চিকিৎসা দেন
গ রোগীর ওষুধ দেন
ঘ রোগের লক্ষণ চিহ্নিত করেন

৯. **জন বি ওয়াটসন কত সালে আচরণবাদ প্রতিষ্ঠা করেন?**
ক ১৯১৩　খ ১৯১৪
গ ১৯১৫　ঘ ১৯১৬

১০. **শিল্প মনোবিজ্ঞানের সাথে অধিক সম্পৃক্ত হলো-**
ক যন্ত্রাংশ　খ পরিবেশ
গ কর্মচারী　ঘ নিরাপত্তা

১১. **শৈশবকাল ও যৌবনকাল মধ্যবর্তী সময়কে কী বলে?**
ক প্রাক শৈশবকাল　খ বয়ঃসন্ধিকাল
গ শৈশবকালের প্রথম পর্যায়
ঘ শৈশবকালের শেষ পর্যায়

১২. **ইভ টিজিং প্রতিরোধে কী ব্যবস্থা নেওয়া যায়?**
i. পারিবারিক প্রতিরোধ
ii. সামাজিক প্রতিরোধ
iii. ভ্রাম্যমাণ আদালত গঠন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

Teachingbd24.com

১৩. ক্ষুধার্ত খাদ্যের প্রতি, তৃষ্ণার্ত পানির প্রতি মনোযোগী হওয়ার কারণ কী?
ক আগ্রহ খ আবেগ
গ অভ্যাস ঘ প্রেষণা

১৪. মানুষের আত্মসচেতনতার বয়স কোনটি?
ক শৈশবকাল খ যৌবনকাল
গ বয়ঃসন্ধিকাল ঘ বৃদ্ধকাল

উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।

১৩ বছরের ছেলে নাফিস পড়াশুনা ছাড়াও খেলাধুলাসহ বিভিন্ন সাংস্কৃতিক কাজে অংশ নেয়। কিছুদিন ধরে নাফিসের কিছুই ভালো লাগে না। সে একাকী থাকতে পছন্দ করে।

১৫. নাফিসের একাকী থাকার কারণ হিসেবে চিহ্নিত করা যায় কোনটিকে?
ক অসুস্থতা খ মানসিক রোগ
গ আত্মকেন্দ্রিকতা ঘ বয়ঃসন্ধিকাল

১৬. উক্ত কারণে ছেলেমেয়ের আচরণে লক্ষণীয় দিকটি হলো-
i. সামঞ্জস্যপূর্ণ আচরণ
ii. অতিরিক্ত লজ্জা
iii. একঘেয়েমি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. ২৫, ২৮, ৩০, ২৫, ৩৮, ৪০ কোন স্কোরটি প্রচুরক?
ক ২৫ খ ২৮
গ ৩০ ঘ ৩৮

১৮. ১টি কলা, ২টি কলা, ৩টি কলা— এটি কোন সারির উদাহরণ?
ক অবিচ্ছিন্ন খ বিচ্ছিন্ন
গ প্রতিপাদ্য ঘ মৌল

১৯. লেখচিত্রের সাহায্যে নির্ণয় করা যায়—
i. গড়
ii. মধ্যক
iii. প্রচুরক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২০. কোনটিতে হঠাৎ সমস্যার সমাধান ঘটে?
ক সপ্ত শিক্ষণে খ সহায়ক শিক্ষণে
গ অর্ন্তদৃষ্টিতে ঘ অনুকরণে

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।

দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী পূজা রায়কে ২০টি পাখির নাম শেখানো হলো। মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে উক্ত ২০টিসহ মোট ৪০টি পাখির নাম উপস্থাপন করে পূর্বের শেখা ২০টি নাম চিহ্নিত করতে বলা হলো। পূজা ১৫টি নাম সঠিকভাবে এবং ৫টি ভুলভাবে চিহ্নিত করল।

২১. প্রত্যাভিজ্ঞা পদ্ধতিতে পূজার স্মৃতি শক্তি কত?
ক ৪০% খ ৫০%
গ ৬০% ঘ ৭০%

২২. পুনরুদ্রেক পদ্ধতিতে পূজার স্মৃতিশক্তি হবে-
ক প্রত্যাভিজ্ঞা পদ্ধতি থেকে ২৫% বেশি
খ প্রত্যাভিজ্ঞা পদ্ধতি থেকে ৩০% বেশি
গ প্রত্যাভিজ্ঞা পদ্ধতি থেকে ২৫% কম
ঘ প্রত্যাভিজ্ঞা পদ্ধতি থেকে ৩০% কম

২৩. মনোযোগের ব্যক্তিনিষ্ঠ শর্ত কোনটি?
ক তীব্রতা খ গতিশীলতা
গ প্রেষণা ঘ আকার

২৪. আলো অভিযোজিত চক্ষু বৈশিষ্ট্য হলো—
ক সংবেদনশীলতা বৃদ্ধি পায়
খ সংবেদনশীলতা হ্রাস পায়
গ সংবেদনশীলতা স্থির থাকে
ঘ সংবেদনশীলতা ধীরগতি হয়

২৫. অলীক প্রত্যক্ষণের জন্য দায়ী হলো-
i. মস্তিষ্কের বিকৃতি
ii. মানসিক বিকৃতি
iii. দৈহিক অসুস্থতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ক | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ঘ |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | | | | | | | | | | |

https://teachingbd24.com